

বাড়ির কাজ - ৭

শ্রেণিঃ দ্বিতীয়

বিষয়ঃ বাংলা

শিক্ষার্থীর নামঃ

রোল নম্বরঃ

তারিখঃ

নির্দেশনাঃ “জলপরি ও কাঠুরে” গল্পটি মনোযোগ সহকারে পড়ি ও অনুশীলনীর কাজগুলো আলাদা পৃষ্ঠায় লিখি।

## অনুশীলনী

১. শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করি। অর্থ বলি।

কাঠুরে কুড়াল স্রোত দুঃখ কিছুক্ষণ সততা লোভী

২. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।

স্রোত	কুড়াল	লোভী	দুঃখ	সততার	কাঠুরে
-------	--------	------	------	-------	--------

ক. লোকটা ..... পেয়ে কাঁদতে লাগল।

খ. .... কাঠুরে নিজের কুড়াল ফিরে পেল না।

গ. নদীতে খুব ..... ছিল।

ঘ. .... কাঠ কাটতে বনে গেল।

ঙ. সে ..... দিয়ে কাঠ কাটছিল।

চ. কাঠুরে ..... জন্য পুরস্কার পেয়েছে।

৩. যুক্তবর্ণগুলো চিনে নিই। যুক্তবর্ণ দিয়ে তৈরি করা নতুন শব্দ পড়ি।

স্রোত 

স্র	স	৳
-----	---	---

 (র-ফলা) অজস্র, সহস্র

কিছুক্ষণ 

ক্ষ	ক	ষ
-----	---	---

 কক্ষ, শিক্ষা

সন্ধ্যা 

ন্ধ্য	ন	ধ
-------	---	---

 গন্ধ্য, বন্ধ্য

৪. নিচের শব্দ দিয়ে বাক্য তৈরি করি।

গরিব নদী কুড়াল কিছুক্ষণ

৫. মুখে মুখে উত্তর বলি ও লিখি।

- ক. কাঠুরে কোথায় কাঠ কাটতে গিয়েছিল?  
 খ. কাঠুরে কাঁদতে লাগল কেন?  
 গ. জলপরি প্রথমে কোন কুড়াল আনল?  
 ঘ. জলপরি কাঠুরের উপর খুশি হলো কেন?  
 ঙ. লোভী কাঠুরের উপর জলপরি খুব রাগ হলো কেন?  
 চ. লোভী কাঠুরে জলপরির কাছ থেকে কী শিক্ষা পেল?

৬. বিপরীত শব্দ জেনে নিই। ফাঁকা ঘরে ঠিক শব্দ বসিয়ে বাক্য তৈরি করি।

কিনতে	বেচতে	দুঃখে	সুখে	কাঁদতে	হাসতে	হ্যাঁ	না
-------	-------	-------	------	--------	-------	-------	----

- ক. কাঠুরে উপহার পেয়ে ..... দিন কাটাতে লাগল।  
 খ. কাঠুরে খুব গরিব তাই কুড়াল ..... পারল না।  
 গ. লোভী কাঠুরে মিছামিছি ..... লাগল।  
 ঘ. লোভী কাঠুরে সোনার কুড়াল দেখে ..... বলল।

৭. ছবি দেখি। গল্প বলি ও লিখি।

